গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম এশিয়া অনুবিভাগ
ঢাকা।
www.mofa.gov.bd

স্মারক নং: ১৯.০০.০০০০.০০০.৪৬৫.১৪.০০১.২৬/০৯৪১ ২৫ অক্টোবর ২০২৬

বিষয়: উচ্চশিক্ষার উদ্দেশ্যে সাইপ্রাস প্রজাতন্ত্রগামী বাংলাদেশি শিক্ষার্থীদের সুরক্ষা নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর সাইপ্রাস প্রজাতন্ত্রের (Republic of Cyprus) বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে প্রায় ৩০,০০০ আন্তর্জাতিক শিক্ষার্থী ভর্তি হন, যাঁদের মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী রয়েছেন। বাংলাদেশে সাইপ্রাস প্রজাতন্ত্রের কোনো দূতাবাস না থাকায় অতীতে বাংলাদেশি শিক্ষার্থীদের ভিসা সংগ্রহের জন্য অন্য দেশে অবস্থিত সংশ্লিষ্ট দূতাবাসে যেতে হতো। বাংলাদেশের কূটনৈতিক প্রচেষ্টার ফলে ২০২৪ সালের ডিসেম্বর থেকে বাংলাদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে দূতাবাসে সশরীরে সাক্ষাৎকারের বাধ্যবাধকতা শিথিল করা হয় এবং সাইপ্রাসে প্রবেশের জন্য স্টিকারযুক্ত ভিসার প্রয়োজনীয়তা রহিত করা হয়। এ ব্যবস্থায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে ইস্যুকৃত অফার লেটার (Offer Letter) বা এন্ট্রি পারমিট (Entry Permit), যা **'ব্লু পেপার' (Blue Paper)** নামে পরিচিত, শিক্ষার্থীদের সাইপ্রাসে প্রবেশের প্রক্রিয়ায় ব্যবহৃত হয়ে আসছে।

০২। সহজতর প্রবেশপ্রক্রিয়ার সুযোগ নিয়ে কিছু অসাধু ব্যক্তি শিক্ষার্থীদের সঙ্গে প্রতারণা করছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। কিছু ক্ষেত্রে জাল **ব্লু পেপার** ব্যবহার করে বাংলাদেশ থেকে ইমিগ্রেশন সম্পন্ন করার পর শিক্ষার্থীদের মানব পাচারের উদ্দেশ্যে মিশর ও লিবিয়ায় পাঠানোর অভিযোগও রয়েছে। **ব্লু পেপারের** সত্যতা যাচাইয়ের কার্যকর ব্যবস্থা না থাকায় প্রকৃত শিক্ষার্থীরাও কখনো কখনো যাত্রা বাতিলসহ বিভিন্ন জটিলতার সম্মুখীন হচ্ছেন। এ ছাড়া, জাল কাগজপত্র ব্যবহার করে কিছু শিক্ষার্থীর সাইপ্রাস গমনের ঘটনায় সাইপ্রাস সরকার বাংলাদেশি শিক্ষার্থীদের গ্রহণের বিষয়ে বিদ্যমান ব্যবস্থাটি পুনর্বিবেচনা করছে মর্মে এ মন্ত্রণালয় অবহিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রকৃত ও বৈধ শিক্ষার্থীদের সাইপ্রাস প্রজাতন্ত্রে গমনপ্রক্রিয়া নিরাপদ, স্বচ্ছ ও সুশৃঙ্খল করার লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে, যা অবিলম্বে কার্যকর হবে:

ক) বৈরুতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস সাইপ্রাস প্রজাতন্ত্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের সঙ্গে যোগাযোগ করে বাংলাদেশি শিক্ষার্থীদের অনুকূলে ইস্যুকৃত অফার লেটার/অ্যাকসেপ্টেন্স লেটার (Acceptance Letter) দূতাবাসকে ই-মেইল বা অন্য কোনো নির্ভরযোগ্য মাধ্যমে পাঠানোর জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে অনুরোধ জানাবে।

খ) দূতাবাস সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জন্য ইস্যুকৃত নিম্নোক্ত দলিলগুলোর সত্যতা যাচাই করবে:
   - সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বা কলেজ কর্তৃক ইস্যুকৃত অফার লেটার/অ্যাকসেপ্টেন্স লেটার;
   - সাইপ্রাস প্রজাতন্ত্রের Deputy Ministry of Migration and International Protection-এর আওতাধীন Migration Department কর্তৃক ইস্যুকৃত এন্ট্রি পারমিট (Entry Permit/Blue Paper); এবং
   - সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বা কলেজ অথবা তাদের অনুমোদিত প্রতিনিধি কর্তৃক ব্যবস্থা করা কমপক্ষে তিন মাসের আবাসন-সংক্রান্ত চুক্তিপত্র বা অন্য কোনো গ্রহণযোগ্য প্রমাণক।

   এ যাচাই কার্যক্রমে দূতাবাস সাইপ্রাস প্রজাতন্ত্রে নিযুক্ত বাংলাদেশের অনারারি কনসাল জেনারেল অথবা তাঁর কার্যালয়ের সহায়তা গ্রহণ করতে পারবে।

গ) উপর্যুক্ত দলিলগুলোর সত্যতা যাচাই শেষে দূতাবাস সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্যসহ একটি তালিকা প্রস্তুত করে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠাবে। তালিকায় শিক্ষার্থীদের পরিচিতি, পাসপোর্টের তথ্য, সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের নাম এবং যাচাইকৃত দলিলের বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।

ঘ) পররাষ্ট্র মন্ত্রণালয় দূতাবাস থেকে প্রাপ্ত যাচাইকৃত তালিকা সংশ্লিষ্ট ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে পাঠাবে এবং তালিকাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করবে। ওয়েবসাইটের ঠিকানা: https://mofa.gov.bd/pages/notification-circulars (সাইপ্রাসগামী শিক্ষার্থীদের তালিকা)।

ঙ) ইমিগ্রেশন কর্তৃপক্ষ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত যাচাইকৃত তালিকার ভিত্তিতে সাইপ্রাস প্রজাতন্ত্রগামী শিক্ষার্থীদের ইমিগ্রেশন কার্যক্রম সম্পন্ন করবে। কোনো শিক্ষার্থীর তথ্য বা দলিলের বিষয়ে সন্দেহ দেখা দিলে কিংবা পুনরায় যাচাইয়ের প্রয়োজন হলে, ইমিগ্রেশন কর্তৃপক্ষ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তালিকা যাচাই করবে এবং প্রয়োজনে তালিকা প্রেরণকারী কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে তথ্য নিশ্চিত করবে।

০৪। উপর্যুক্ত প্রক্রিয়া অনতিবিলম্বে কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ব্লু পেপার (Blue Paper) এর নমুনা।

25.10.2026

(আব্দুল্লাহ আল মামুন বাঁধন)
সহকারী সচিব
ইমেইলঃ westasia@mofa.gov.bd
ফোনঃ +8802 223387900

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে; জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসীকল্যাণ ভবন, রমনা, ঢাকা।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৫। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন।
৬। মহাপরিচালক, কন্সুলার ও কল্যাণ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৮। পরিচালক, আইসিটি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯। অফিসার ইনচার্জ, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

ΥΦΥΠΟΥΡΓΕΙΟ ΜΕΤΑΝΑΣΤΕΥΣΗΣ ΚΑΙ ΔΙΕΘΝΟΥΣ ΠΡΟΣΤΑΣΙΑΣ
ΤΜΗΜΑ ΜΕΤΑΝΑΣΤΕΥΣΗΣ
DEPUTY MINISTRY OF MIGRATION AND INTERNATIONAL PROTECTION
MIGRATION DEPARTMENT

(Form M. 70)

ΚΥΠΡΙΑΚΗ ΔΗΜΟΚΡΑΤΙΑ
REPUBLIC OF CYPRUS

ΑΔΕΙΑ ΕΙΣΟΔΟΥ / ENTRY PERMIT

ΕΡΓΟΔΟΤΗΣ / ΑΙΤΗΤΗΣ - EMPLOYER / APPLICANT

UCLAN UNIVERSITY
12-14 UNIVERSITY AVE
7080 PYLA LARNAKA
24694000

Αρ. Φακ./ M.P. No. E26-07344
Υπηκ. / Nat. BGD
Κωδ./ Code EDU

ΟΝΟΜΑ / NAME [redacted]

ΥΠΗΚΟΟΤΗΤΑ / NATIONALITY CITIZEN OF BANGLADESH

ΑΡ. ΔΙΑΒΑΤΗΡΙΟΥ / PASSPORT NO [redacted]

ΚΑΤΗΓΟΡΙΑ ΕΙΣΟΔΟΥ / ΠΑΡΑΜΟΝΗΣ / CATEGORY OF ENTRY / RESIDENCE STUDENT

ΙΣΧΥΣ ΑΔΕΙΑΣ ΠΑΡΑΜΟΝΗΣ / VALIDITY OF RESIDENCE PERMIT 90 DAY(S) FROM ARRIVAL

ΣΚΟΠΟΣ ΑΔΕΙΑΣ / PURPOSE OF PERMIT STUDENT

Η ΠΑΡΟΥΣΑ ΑΔΕΙΑ ΜΠΟΡΕΙ ΝΑ ΧΡΗΣΙΜΟΠΟΙΗΘΕΙ ΓΙΑ ΕΙΣΟΔΟ ΣΤΗΝ ΚΥΠΡΟ ΜΕΧΡΙ / THIS PERMIT SHOULD BE USED TO ENTER CYPRUS UNTIL **12 January, 2027**

ΠΑΡΑΤΗΡΗΣΕΙΣ / ΟΡΟΙ - REMARKS / CONDITIONS

Ο/Η κάτοχος της παρούσας άδειας, εντός επτά (7) ημερών από την άφιξή του στη Δημοκρατία, οφείλει να παρουσιαστεί στο Τμήμα Μετανάστευσης για την Επαρχία Λευκωσίας ή στο Κλιμάκιο της Υπηρεσίας Αλλοδαπών και Μετανάστευσης της Αστυνομίας της Επαρχίας όπου θα διαμένει, για να εγγραφεί ως αλλοδαπός, να αιτηθεί για άδεια προσωρινής διαμονής και να ληφθούν τα βιομετρικά του στοιχεία (φωτογραφία και δακτυλικά αποτυπώματα) καθώς και η υπογραφή του, δυνάμει της κείμενης Νομοθεσίας. Σημειώνεται ότι δακτυλικά αποτυπώματα και υπογραφή λαμβάνονται για άτομα ηλικίας έξι (6) ετών και άνω.
Επίσης οφείλει να προβεί σε ιατρικές εξετάσεις για τον ιό του AIDS, για Σύφιλη, Ηπατίτιδα Β, Ηπατίτιδα Γ και Φυματίωση (ακτινογραφία θώρακα), κατά την πρώτη εργάσιμη ημέρα από την άφιξη στην Κύπρο. Οι εξετάσεις θα πρέπει να διενεργούνται ή να πιστοποιούνται από Κυβερνητικό Ιατρό. Τα σχετικά ιατρικά πιστοποιητικά θα πρέπει να υποβληθούν στο Τμήμα Μετανάστευσης για την Επαρχία Λευκωσίας ή στο Κλιμάκιο της Υπηρεσίας Αλλοδαπών και Μετανάστευσης της Αστυνομίας της Επαρχίας όπου θα διαμένει, εντός επτά (7) ημερών από την άφιξη στην Κύπρο.

The holder of this permit must register at the Migration Department for the Nicosia District or at the Police Aliens and Immigration Unit of the District of residence within seven (7) days of his/her arrival in the Republic, apply for a residence permit and provide his/her biometric features (photo and fingerprints) and signature, according to the Legislation. It is noted that fingerprints and signature are captured only for persons of six (6) years of age and older.

He/She is also obliged to proceed to medical examinations for AIDS, Syphilis, Hepatitis B, Hepatitis C and Tuberculosis (chest x-Rays), on the first working day after his/her arrival in Cyprus. Medical examinations must be performed or validated by a State Medical Officer. The relevant medical certificates must be submitted to the Migration Department in Nicosia for the Nicosia District or at the Police Aliens and Immigration Unit of the District of residence within seven (7) days from his/her arrival in Cyprus.

Ο/Η κάτοχος της παρούσας άδειας μπορεί να εισέλθει στην Κύπρο μόνο με σκοπό την πλήρη φοίτηση σε εκπαιδευτικό ίδρυμα τριτοβάθμιας εκπαίδευσης. Σε περίπτωση που εισέρχεται για πρώτη φορά στην Κύπρο θα πρέπει κατά την άφιξή του/της να κατέχει ποσό τουλάχιστον $2.400 Αμερικής ή €2.000.

The holder of this permit can enter Cyprus solely for the purpose of full time study in a tertiary educational institute. In case he/she enters Cyprus for the first time, he/she must upon arrival hold an amount of at least USD $2.400 or €2.000.

2173547

(M. Mirolaou)
για Διευθύντρια / for Director

ΗΜΕΡΟΜΗΝΙΑ ΕΚΔΟΣΗΣ / DATE OF ISSUE **14 October, 2026**

ΠΡΟΣΟΧΗ: ΑΝΤΙΓΡΑΦΟ ΤΗΣ ΑΔΕΙΑΣ ΑΥΤΗΣ ΠΡΕΠΕΙ ΝΑ ΠΑΡΟΥΣΙΑΣΘΕΙ ΣΤΟ ΣΗΜΕΙΟ ΕΙΣΟΔΟΥ
Η ΠΡΩΤΟΤΥΠΗ ΑΔΕΙΑ ΠΡΕΠΕΙ ΝΑ ΠΑΡΟΥΣΙΑΣΘΕΙ ΚΑΤΑ ΤΗΝ ΕΓΓΡΑΦΗ

ATTENTION: *COPY OF THIS PERMIT SHOULD BE PRESENTED AT THE POINT OF ENTRY*
THE ORIGINAL PERMIT SHOULD BE PRESENTED AT THE TIME OF REGISTRATION